অবিলম্বে প্রকাশের জন্য: 12/16/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল বাফেলোর ইষ্ট সাইডে বাণিজ্যিক এবং মিশ্র-ব্যবহার প্রকল্পের জন্য 10 মিলিয়ন ডলার প্রদান করার কথা ঘোষণা করেছেন

35টি বাণিজ্যিক এবং মিশ্র-ব্যবহারের প্রকল্পের সংস্কার এবং ইতিমধ্যে উন্নত এলাকাগুলোর মধ্যে থাকা খালি বা অব্যবহৃত জমিতে নতুন কাঠামো নির্মাণ করার জন্য তহবিল পেয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ বাফেলোর ইষ্ট সাইডে একটি উল্লেখযোগ্য বিনিয়োগের কথা ঘোষণা করেছেন, নতুন ইস্ট সাইড বিল্ডিং তহবিল (East Side Building Fund) থেকে 35টি বাণিজ্যিক এবং মিশ্র-ব্যবহার প্রকল্পে 10 মিলিয়ন ডলার প্রদান করেছেন। এই গুরুত্বপূর্ণ তহবিলটি বেসরকারি ভবন সংস্কার এবং ইতিমধ্যে উন্নত এলাকাগুলোর মধ্যে থাকা খালি বা অব্যবহৃত জমিতে নতুন কাঠামো নির্মাণ করার (ইনফিল ডেভেলপমেন্ট) ত্বরান্বিত করার জন্য নিবেদিত, যা ইষ্ট সাইডের বাণিজ্যিক করিডোরগুলির সংস্কারে সরাসরি সহায়তা করে। 10 মিলিয়ন ডলারের তহবিল, যা গভর্নর 2025 সালের মে মাসে প্রথম ঘোষণা করেছিলেন, ইষ্ট সাইডে সমৃদ্ধ অর্থনৈতিক কেন্দ্র তৈরির জন্য স্টেটের চলমান প্রতিশ্রুতির আরেকটি পদক্ষেপ।

"ইস্ট সাইড বিল্ডিং ফান্ড তহবিল, আমাদের প্রশাসন যে সম্প্রদায়ের চাহিদা আরও ভালভাবে পূরণের জন্য প্রতিশ্রুতিবদ্ধ সম্পদের কৌশলগত নিয়োজন করে তারই প্রতিনিধিত্ব করে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "সম্পত্তির মালিকদের উপর আর্থিক বোঝা কমানোর মাধ্যমে, আমরা সরাসরি আমাদের বাণিজ্যিক করিডোরগুলিতে বিনিয়োগ করছি, যাতে নিশ্চিত করা যায় যে সেগুলি পুনরুজ্জীবিত হয় এবং আগামী বছরগুলিতে ইষ্ট সাইডের এলাকাগুলিকে সমর্থন করার জন্য আরও ভালভাবে সজ্জিত করা যায়।"

তাহবিল প্রাপকদের মধ্যে রয়েছে:

- **Loads of Love – Brandi Barrett, 61 Laurel Street, Buffalo, NY 14209:** ব্র্যান্ডি ব্যারেট, কমিউনিটি ভিত্তিক রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট প্রশিক্ষণ প্রোগ্রামের (Community Based Real Estate Development Training Program) একজন স্নাতক। লোডস অফ লাভ একটি নতুন নির্মাণ, দ্বিতল মিশ্র ব্যবহারের ভবন হবে যেখানে একটি কমিউনিটি লন্ড্রোম্যাট এবং ক্যাফে থাকবে সেইসাথে থাকবে সাশ্রয়ী মূল্যের আবাসন ইউনিট।

- **Legacy Developers – Ellen Shareef, 273 Hickory Street, Buffalo, NY 14204:** এলেন শরীফ কমিউনিটি ভিত্তিক রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট প্রশিক্ষণ প্রোগ্রামের একজন স্নাতক। 273 Hickory (হিকরি) একটি মিশ্র-ব্যবহার, অভিযোজিত পুনঃব্যবহার প্রকল্প যা উইলার্ট পার্ক (Willert Park) এলাকায় 29টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট এবং 6,000 বর্গফুটেরও বেশি বাণিজ্যিক স্থান তৈরি করবে।
- **Styles of Man – Hakeem Hicks, 1348 East Delavan Avenue, Buffalo, NY 14215:** হাকিম হিকস কমিউনিটি ভিত্তিক রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট প্রশিক্ষণ প্রোগ্রামের একজন স্নাতক। ছোট প্রকল্পের তহবিলগুলি, বাণিজ্যিক স্থানে HVAC এবং শক্তি দক্ষতা আপগ্রেডের পাশাপাশি জানালা, দরজা এবং ছাউনির মতো সম্মুখভাগের উন্নয়নের জন্য ব্যবহার করা হবে।
- **Ladies of Charity of Buffalo – Kathleen Roseti, 1122 Broadway, Buffalo, NY 14212:** ছোট প্রকল্পের তহবিল নতুন সাইনবোর্ড, জানালা, নতুন ছাদ, ইট, পাথর বা কংক্রিটের কাঠামোতে নির্দিষ্ট ক্ষতি মেরামত (ম্যাশনারি রিপেয়ার) এবং সদ্যজাত শিশুদের পরিবারগুলির জন্য স্বেচ্ছাসেবকদের নেতৃত্বে থ্রিফ্ট শপে (একটি খুচরা দোকান যা দান করা, অল্প ব্যবহৃত পোশাক, বই এবং গৃহস্থালীর সামগ্রীর মতো জিনিসপত্র বিক্রি করে এবং এর দৈনন্দিন কার্যক্রমের জন্য প্রধানত, এমনকি সম্পূর্ণভাবে, অবৈতনিক স্বেচ্ছাসেবকদের উপর নির্ভর করে) উন্নত আলোর মতো বহির্ভাগ সংস্কারের জন্য এবং সংশ্লিষ্ট সামাজিক পরিষেবা প্রদানের জন্য ব্যবহার করা হবে।
- **Phat Catz Restaurant & Bar – Kim Collins-Jones, 965 Kensington Avenue, Buffalo, NY 14215:** ছোট প্রকল্পের তহবিল নতুন সাইনবোর্ড, রঙ, আলো এবং জানালা এবং রেস্তোরাঁর কার্যক্রম উন্নত করার জন্য অভ্যন্তরীণ আধুনিকীকরণের মতো বহিরাংশের উন্নয়নের জন্য ব্যবহার করা হবে ।
- **Doris Records – Derrick Luchey, 284 E Ferry Street, Buffalo, NY 14208:** ছোট প্রকল্পের তহবিল জানালা এবং দরজা, গাঁথুনি এবং ছাদ সেইসাথে 1962 সাল থেকে কর্মরত একটি প্রধান জেফারসন করিডোর, ডরিস রেকর্ডসের (Doris Records) HVAC সহ, বৈদ্যুতিক এবং অন্যান্য শক্তি-সাশ্রয়ী উন্নয়নের মতো বহিরাংশের উন্নয়নের জন্য ব্যবহার করা হবে।
- **Imperial Food Market – Sameer Salem, 3039-3045 Bailey Avenue, Buffalo, NY 14215:** ছোট প্রকল্পের তহবিল কেনসিংটন বেইলি (Kensington Bailey)-র ইম্পেরিয়াল ফুডস (Imperial Foods) কমিউনিটি মার্কেটের সম্মুখভাগের বাইরের অংশের উন্নয়ন, ছাদ মেরামত এবং আপডেটেড শক্তি-সাশ্রয়ী বৈদ্যুতিক উন্নতির জন্য ব্যবহার করা হবে।

Barrett & Benitez Development প্রতিষ্ঠাতা এবং সহ-মালিক Brandi Barrett (ব্র্যান্ডি ব্যারেট) বলেন, "বাফেলোর ইষ্ট সাইডের প্রতি গভর্নর Hochul (হোকল) এর প্রতিশ্রুতি এই ধরনের উন্নয়নগুলিতে প্রতিফলিত হয়! পুনঃবিনিয়োগের প্রতি তার প্রতিশ্রুতি সত্যিকারের পরিবর্তনের সূচনা করেছে যেখানে লোডস অফ লাভের মতো রূপান্তরমূলক প্রকল্পগুলি প্রকৃত ও বস্তুনিষ্ঠ অবস্থা হতে পারে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং তাদের স্থানীয় টিম শুধুমাত্র সর্বসাধারণের ব্যবহারের জন্য কয়েন দ্বারা চালিত ওয়াশিং মেশিন এবং ড্রায়ার সহ একটি প্রতিষ্ঠানের (লন্ড্রোম্যাট) মতো প্রয়োজনীয় পরিষেবার কথা উপলব্ধি করেছে বলেই তাদের কাছে

কৃতজ্ঞ নই, সেইসাথে আমাদের সমস্যাগুলি বুঝতে পারা, একটি শক্তিশালী ব্যক্তিগত বা মানসিক সংযোগ অনুভব করা এবং সমস্যা সমাধানকারী হয়ে ওঠা এবং এই সামগ্রিক আমাদের পাশে থাকার জন্য আমরা তাদের কাছে কৃতজ্ঞ। ধন্যবাদ, গভর্নর Hochul (হোকল), ESD, এবং সমগ্র বাফেলো শহর!"

ইস্ট সাইড বিল্ডিং ফান্ডটি ইস্ট সাইড বাণিজ্যিক করিডোর উন্নত করার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD), জনহিতকর সংস্থা এবং সম্প্রদায়ের মধ্যে চলমান সহযোগিতার মাধ্যমে উদ্ভূত। সহযোগিতার মধ্যে রয়েছে ভবন নির্মাণের জন্য দোকানের সম্মুখভাগ এবং অন্যান্য উন্নয়নের জন্য অনুদান, ঝুঁকিপূর্ণ ভবনগুলিকে সংস্কার করার জন্য তহবিল এবং ইষ্ট সাইডের পরবর্তী প্রজন্মের উদীয়মান ডেভেলপারদের জন্য রিয়েল এস্টেট প্রশিক্ষণ এবং আর্থিক সহায়তা প্রদান।

ইস্ট সাইড বিল্ডিং ফান্ড একটি প্রকল্পের আকারের উপর ভিত্তি করে দুটি ট্র্যাকে সহায়তা প্রদান করে:

- **ছোট প্রকল্পসমূহ** - বিদ্যমান ভবনগুলিতে আরও প্রচলিত সংস্কারের সাথে জড়িত প্রকল্পগুলির জন্য, ছাদ, কাঠামোগত স্থিতিশীলতা, এবং স্টোরফ্রন্ট/সম্মুখভাগ এবং সাইনেজ উন্নতির মতো জিনিসগুলির জন্য মোট প্রকল্প ব্যয়ের 90 শতাংশ পর্যন্ত অনুদান প্রদান করবে। সর্বোচ্চ অনুদানের পরিমাণ 400,000 ডলার এবং এটি ESD-এর কমিউনিটি পার্টনার, Heart of the City Neighborhoods, Inc. এর মাধ্যমে পরিচালিত হবে, যা অনুদানপ্রাপ্তদের নিজেদের খরচ কমাতে নির্মাণ ঠিকাদারদের সরাসরি অর্থ প্রদান করবে।
- **অ্যাঙ্কর প্রকল্পসমূহ** - যা তুলনামূলক বৃহত্তর প্রকল্পের জন্য অনুদান প্রদান করবে যা অনুদানপ্রাপ্ত ব্যক্তির মোট প্রকল্প ব্যয়ের 50 শতাংশ পর্যন্ত, গুরুত্বপূর্ণ সংস্কার, অভিযোজিত পুনঃব্যবহার, নতুন নির্মাণ এবং সংশ্লিষ্ট সাইটের উন্নতির জন্য সর্বোচ্চ 2 মিলিয়ন ডলার পর্যন্ত পরিশোধ করবে।

যোগ্যতা লাভ করার জন্য, প্রকল্পগুলিকে একটি বাণিজ্যিক বা মিশ্র-ব্যবহারের সম্পত্তি (যেমন একটি স্টোরফ্রন্ট ভবন যেখানে গ্রাউন্ড-লেভেল বাণিজ্যিক স্থান এবং উপরের তলায় আবাসিক ইউনিট রয়েছে) থাকতে হবে এবং বাফেলোর ইষ্ট সাইডে, বিশেষ করে একটি অগ্রাধিকারমূলক ব্যবসায়িক জেলায় (অন্যান্যগুলির মধ্যে, Jefferson Avenue, Fillmore Avenue, Michigan Avenue, Genesee Street এবং Bailey Avenue) অবস্থিত হতে হবে। তহবিলের অংশগ্রহণকারীদের মধ্যে এগারো জন সম্প্রদায় ভিত্তিক রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট প্রশিক্ষণ প্রোগ্রামের স্নাতক, যা বাফেলোর উদীয়মান ডেভেলপারদের তাদের সম্প্রদায়ের উন্নতির জন্য সহায়তা করার চলমান প্রয়োজনীয়তার প্রতিনিধিত্ব করে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, মুখ্য নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, " ইস্ট সাইড বিল্ডিং ফান্ড তহবিল শুধুমাত্র একটি মূলধন বিনিয়োগ নয়, বরং তার থেকেও অনেক বেশি গুরুত্বপূর্ন বিষয়ের প্রতিনিধিত্ব করে - এগুলি বাফেলোর অভিন্ন ভবিষ্যতের একটি মাইলফলক। এই নিবেদিত সম্পত্তি মালিকদের সাথে

সরাসরি অংশীদারিত্বের মাধ্যমে, আমরা নিশ্চিত করছি যে এই তহবিল ইষ্ট সাইডের বাণিজ্যিক করিডোরগুলিতে নতুন করে অর্থনৈতিক প্রাণশক্তি সঞ্চার করবে।"

ইস্ট সাইড বিল্ডিং ফান্ড তিনটি পূর্বতন ESD প্রোগ্রাম (ইস্ট সাইড কমার্শিয়াল ডিস্ট্রিক্টস প্রোগ্রাম/East Side Commercial Districts Program, কমার্শিয়াল বিল্ডিং স্ট্যাবিলাইজেশন ফান্ড/Commercial Building Stabilization Fund এবং কমিউনিটি-ভিত্তিক রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোগ্রাম ফান্ড/Community-Based Real Estate Development Training Program Fund) থেকে গড়ে তোলা হয়েছে। তিনটি পূর্বতন ESD প্রোগ্রাম বাফেলোর ইষ্ট সাইডকে পুনরুজ্জীবিত করতে এবং বাফেলো জুড়ে একটি নতুন ডেভেলপার গ্রুপকে শিক্ষিত ও ক্ষমতায়িত করতে সফল হয়েছে, যার ফলে 60টিরও বেশি প্রকল্প মূলধন এবং প্রাক-উন্নয়ন সহায়তা পেয়েছে।

স্টেট সিনেটর April N.M. Baskin (এপ্রিল এন.এম বাসকিন) বলেন, "2025 সাল শেষ হতে চলেছে, তাই ইস্ট সাইড বিল্ডিং ফান্ড থেকে 10 মিলিয়ন ডলারের তহবিল পাওয়ার সংবাদ সত্যিই আনন্দের। গভর্নর Hochul (হোকল) এবং তার দল অব্যাহতভাবে দেখিয়ে চলেছেন যে বাফেলোর ইষ্ট সাইড, অবকাঠামো প্রকল্প, আবাসন প্রাপ্যতা, বাণিজ্যিক স্থান, শক্তি দক্ষতা এবং সম্মুখভাগের উন্নতির মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে সহায়তা করার জন্য সত্যিই তহবিল পাওয়ার যোগ্য। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, জনহিতকর সংস্থা এবং সম্প্রদায়ের নেতাদের সাথে এই সহযোগিতামূলক প্রচেষ্টার জন্য ধন্যবাদ, নতুন বছরের শুরু আমাদের আশেপাশের অঞ্চলের জন্য আশাব্যঞ্জক মনে হচ্ছে যারা এই বাণিজ্যিক করিডোরগুলিকে পুনরুজ্জীবিত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।"

স্টেট সিনেটর Sean Ryan (শেন রায়ান) বলেন, "এই ঘোষণাটি ইষ্ট সাইডের যে ধরনের আশেপাশের অঞ্চল-চালিত বিনিয়োগের প্রয়োজন তাকে প্রতিফলিত করে। বাণিজ্যিক করিডোরে বিনিয়োগ এবং স্থানীয় সম্পত্তির মালিকদের সহায়তা করা এমন জায়গাগুলিতে কর্মসংস্থান তৈরি, পরিষেবা সম্প্রসারণ এবং সম্প্রদায়ের সম্পদ তৈরিতে সহায়তা করে যে জায়গাগুলিকে প্রায়শই উপেক্ষা করা হয়েছে। বাফেলোতে বাসিন্দাদের ক্ষমতায়ন, ছোট ব্যবসাকে সহায়তা এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিতে ইন্ধন যোগানোর জন্য এই কৌশলগত বিনিয়োগগুলিকে অগ্রাধিকার দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি মেজরিটি লিডার Crystal Peoples-Stokes (ক্রিস্টাল পিপলস-স্টোকস) বলেন, "একেই বলে পুনঃবিনিয়োগের প্রতি অঙ্গীকার। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং ইস্ট সাইড বিল্ডিং ফান্ড সম্পত্তির মালিকদের তাদের সম্পত্তিতে বিনিয়োগ করতে সহায়তা করে সম্প্রদায়গুলির পৃষ্ঠপোষণ করতে সহায়তা করছে। ইস্ট সাইডের ব্যবসা এবং অন্যান্য সম্পত্তির উন্নয়ন সমগ্র বাফেলো শহরের উন্নতিতে সহায়তা করে।"

ইর কাউন্টির নির্বাহী Mark C. Poloncarz (মার্ক সি. পোলোনকার্জ) বলেন, "নতুন ইস্ট সাইড বিল্ডিং ফান্ড, ব্যবসা পুনরুজ্জীবিত করে এবং আশেপাশের অঞ্চলগুলিকে পুনরুজ্জীবিত করে এমন প্রকল্পগুলিতে বিনিয়োগ করে ইতিমধ্যেই বাফেলোতে সরাসরি প্রভাব ফেলছে। এই

ধরনের প্রকল্পগুলি একের পর এক ভবন তৈরি করে একটি শক্তিশালী সম্প্রদায় তৈরি করবে এবং বাফেলোতে এই বিনিয়োগগুলি করার জন্য গভর্নর Hochul (হোকল) এর দৃষ্টিভঙ্গি এবং প্রতিশ্রুতির জন্য তাকে ধন্যবাদ জানাই।"

বাফেলো শহরের মেয়র Christopher P. Scanlon (ক্রিস্টোফার পি. স্ক্যানলন) বলেন, "এই 10 মিলিয়ন ডলারের বিনিয়োগ বাফেলোর ইস্ট সাইড এবং এর পুনরুজ্জীবনে নেতৃত্বদানকারী ছোট ব্যবসার মালিক এবং ডেভেলপারদের প্রতি আস্থার একটি শক্তিশালী সমর্থন। আমাদের শহরের প্রতি অব্যাহত প্রতিশ্রুতি এবং আমাদের আশেপাশের অঞ্চলগুলিতে বাস্তব, স্থায়ী অর্থনৈতিক সুযোগ তৈরির জন্য আমি গভর্নর Hochul (হোকল) কে ধন্যবাদ জানাতে চাই। গভর্নর Hochul (হোকল) এর এই অতিরিক্ত বিনিয়োগ আমার প্রশাসনের ছোট ব্যবসা এবং আমাদের মূল অবকাঠামো এবং Jefferson Avenue এবং Bailey Avenue বরাবর ইষ্ট সাইডের রাস্তার আশেপাশের দৃশ্যে বিনিয়োগের জন্য চলমান সহায়তার উপর ভিত্তি করে তৈরি — নিশ্চিত করে যে, পুনঃবিনিয়োগ জনসাধারণের উন্নয়নের সাথে সংযুক্ত যা আমাদের বাণিজ্যিক করিডোরগুলিকে শক্তিশালী করে এবং ইষ্ট সাইডে বসবাস, কাজ এবং ব্যবসা করার জন্য একটি প্রাণবন্ত জায়গা হিসাবে বিকশিত হওয়া অব্যাহত রাখতে সহায়তা করে।"

রাল্ফ সি. উইলসন, জুনিয়র ফাউন্ডেশন (Ralph C. Wilson, Jr. Foundation) এর সিনিয়র প্রোগ্রাম অফিসার Eric Phamdo (এরিক ফ্যামডো) বলেন, "উদীয়মান ডেভেলপার এবং ছোট সম্পত্তির মালিকদের জন্য প্রতিকূলতা দূর করতে সহায়তা করতে পেরে একই সাথে বাফেলোর ইষ্ট সাইডে স্থানীয়ভাবে পরিচালিত উন্নয়নের মাধ্যমে আরও ন্যায়সঙ্গত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে সহায়তা করতে পেরে আমরা গর্বিত।"

M&T Bank এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট, কমিউনিটি রিইনভেস্টমেন্ট, Brad Dossinger (ব্র্যাড ডসিঙ্গার) বলেন, "ইস্ট সাইড বিল্ডিং ফান্ড আমাদের আশেপাশের অঞ্চল এবং বাফেলোর ভবিষ্যতের জন্য একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ। সম্পত্তির মালিকদের দোকানের সম্মুখভাগ সংস্কার, ঐতিহাসিক নিদর্শন সংরক্ষণ এবং ব্যবসার উন্নতির জন্য নতুন স্থান তৈরি করার ক্ষমতা প্রদানের মাধ্যমে, আমরা দীর্ঘদিন ধরে ইস্ট সাইড সম্প্রদায়ের মেরুদণ্ড হিসেবে কাজ করে আসা বাণিজ্যিক করিডোরগুলিকে শক্তিশালী করছি। "রিজিওনাল রিভাইটালাইজেশন পার্টনারশিপ (Regional Revitalization Partnership, RRP) এর মাধ্যমে এই প্রচেষ্টাকে সমর্থন করতে পেরে M&T Bank সম্মানিত এবং এই প্রকল্পগুলি ভবিষ্যতের প্রজন্মের জন্য স্থায়ী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের গর্বকে এগিয়ে নিয়ে যাবে তা নিশ্চিত করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।"

Five Star Bank কমিউনিটি ডেভেলপমেন্ট ডিরেক্টর Karla J.L. Gadley (কার্লা জে.এল গ্যাডলি) বলেন, "এই সম্প্রদায়ের প্রতি আমাদের অঙ্গীকার ব্যাংকিং-এর বাইরেও অনেক দূর প্রসারিত। আমরা এমন মানুষ, স্থান এবং সম্ভাবনার উপর বিনিয়োগ করার লক্ষ্য রাখি যা ইষ্ট বাফেলোকে শক্তিশালী করে তোলে। RRP (রিজিওনাল রিভাইটালাইজেশন পার্টনারশিপ) ঠিক সেই ধরনের সহযোগিতামূলক প্রচেষ্টার প্রতিনিধিত্ব করে যার উপর Five Star Bank আস্থা রাখে, যেখানে সরকারি সম্পদ, বেসরকারি বিনিয়োগ এবং সম্প্রদায়ের দৃষ্টিভঙ্গি একযোগে স্থায়ী পরিবর্তন নিয়ে আসে। এই বিনিয়োগ অভাবনীয় সম্ভাবনার উন্মোচন করতে সহায়তা করবে এবং

বাফেলোতে আরও সমৃদ্ধ ভবিষ্যত গড়ে তোলার জন্য আমাদের প্রতিবেশীদের সাথে কাজ করলে কী সম্ভব তা প্রদর্শন করবে।"

KeyBank কর্পোরেট রেসপনসিবিলিটি এবং কমিউনিটি রিলেশনস (KeyBank Corporate Responsibility and Community Relations) কর্মকর্তা Chiwuike Owunwanne (চিউইকে ওউনওয়ানে) বলেন, "এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের এই সাম্প্রতিক বিনিয়োগ বাফেলোর ইষ্ট সাইডের সম্পত্তির মালিকদের দারুণ উৎসাহ দেবে যা আশেপাশের অঞ্চল এবং ব্যবসাগুলিকে বড় এবং সমৃদ্ধ হয়ে উঠতে সহায়তা করবে।" এটি শহরের এই অংশে রূপান্তরমূলক প্রবৃদ্ধি অব্যাহত রাখতে সহায়তা করবে এবং এই উৎসাহব্যঞ্জক উদ্যোগকে সমর্থন করার জন্য সমস্ত সংস্থার পাশে দাঁড়াতে পেরে KeyBank গর্বিত।"

রিজিওনাল রিভাইটালাইজেশন পার্টনারশিপ সম্পর্কে

রিজিওনাল রিভাইটালাইজেশন পার্টনারশিপ (RRP) একটি 300 মিলিয়ন মার্কিন ডলারের বিস্তৃত অর্থনৈতিক উন্নয়ন কৌশল এবং সরকারি-বেসরকারি অংশীদারীত্ব যা বাফেলোর ইষ্ট সাইড, নায়াগ্রা ফলস ও রচেস্টারের জন্য বাড়তি বিনিয়োগের প্রভাব বৃদ্ধি করে এবং তাকে কাজে লাগায়। এই কমিউনিটি-পরিচালিত সহযোগিতামূলক কৌশলটি অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি সামগ্রিক, বিস্তৃত পদ্ধতি গ্রহণ করে এবং একাধিক পদ্ধতির মাধ্যমে কমিউনিটির সম্পদ তৈরি করার জন্য ডিজাইন করা হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) ও এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD)-এর সহযোগিতার মাধ্যমে RRP-কে উন্নত করে তোলা হয়েছে এবং এটি ESL, Max and Marian Farash Charitable Foundation, Five Star Bank, KeyBank/First Niagara Foundation, William & Sheila Konar Foundation, M&T Bank, NBT Bank, John R. Oishei Foundation, Ralph C. Wilson, Jr. Foundation এবং বাফেলো, নায়াগ্রা ফলস এবং রচেস্টার শহরগুলির অংশীদারদের দ্বারা সমর্থিত। সেন্টার ফর রিজিওনাল স্ট্রেটেজি (Center for Regional Strategies) এর মাধ্যমে RRP কর্মসূচি বাস্তবায়নের বিষয়টি পরিচালিত হয়।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হলো নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক বিকাশ এজেন্সি, এবং এটি পুরো স্টেটে ব্যবসার বিকাশ, চাকুরি তৈরি এবং বৃহত্তর অর্থনৈতিক সুযোগের প্রচার করে। স্টেটের 10টি অঞ্চলের প্রত্যেকটিতে অফিস নিয়ে ESD রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Regional Economic Development Councils) তত্ত্বাবধান করে, ConnectALL অফিসের মাধ্যমে ব্রডব্যান্ড সমতাকে সমর্থন করে, এবং অফিস অফ স্ট্র্যাটেজিক ওয়ার্কফোর্স ডেভেলপমেন্টের মাধ্যমে ভবিষ্যতের কর্মীবাহিনী গঠন করছে।

এজেন্সিটি নিউ ইয়র্ক স্টেটের বিকাশের জন্য উদীয়মান এবং পরবর্তী প্রজন্মের শিল্পখাতের সাথে জড়িত হয় যেমন পরিচ্ছন্ন শক্তি এবং সেমিকন্ডাক্টর প্রস্তুতকরণ, ক্ষুদ্র ব্যবসাসমূহকে বিকশিত ও সফল হতে সাহায্য করার জন্য সহায়তা কেন্দ্রের একটি নেটওয়ার্ক পরিচালনা করে, এবং আই লাভ নিউ ইয়র্কের (I LOVE NY) মাধ্যমে স্টেটের বিশ্বমানের পর্যটন গন্তব্যসমূহের প্রচার করে।

আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে esd.ny.gov ভিজিট করুন এবং LinkedIn, Facebook, এবং X, যার নাম আগে Twitter ছিল, সেখানে ESD-এর সাথে যুক্ত হন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন